

2 0 1 7

ELECTIVE BENGALI

Paper : 6.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

‘রবীন্দ্রনাথ-১’ অথবা ‘রবীন্দ্রনাথ-২’ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

( রবীন্দ্রনাথ-১ )

- ১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ‘রাজা’ নাটকের দ্বিতীয় দৃশ্যের শিরোনাম কী ?
- (খ) রাজার ধ্বজায় কোন্ ফুল আঁকা ছিল ?
- (গ) অনাথপিণ্ড কে ?
- (ঘ) কোন্ নদীর তীরে ঋষি গৌতমের আশ্রম ছিল ?
- (ঙ) ‘পূজারিণী’ কবিতায় উল্লিখিত দাসীর নাম কী ?
- (চ) “তোরা যে যা বলিস ভাই”  
—‘রাজা’ নাটকের এই গানে বক্তা কী চেয়েছেন ?

- (ছ) “বুদ্ধিমানদের কিছুতেই সন্দেহ ঘোচেনা, তাই নির্বোধ নিয়েই আমাদের কারবার!” বক্তা কে ?
- (জ) ‘অভিসার’ কবিতায় সন্ন্যাসীর নাম কী ?
- (ঝ) ‘দেবতার গ্রাস’ কবিতায় মৈত্রমহাশয় তীর্থস্নানের জন্য কোথায় যাত্রা করবেন ?
- (ঞ) “আজকের দিনের অভিসারে সেই ধুলোই যে আমার অঙ্গরাগ।” বক্তা কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) “মাতঃ, কী গোত্র আমার?”

কে, কাকে এই প্রশ্ন করেছিল ?

(খ) “অজাতশত্রু রাজা হল যবে,  
পিতার আসনে আসি।”

কোন কবিতার অন্তর্গত ? অজাতশত্রুর পিতা কে ?

(গ) ‘রাজা’ নাটকের তৃতীয় দৃশ্যে কাঞ্চীরাজ ছাড়া আর যে দুজন রাজা উপস্থিত ছিলেন তাঁদের নাম লেখো।

(ঘ) “তুমি সুন্দর নও, প্রভু, সুন্দর নও, তুমি অনুপম।” ‘রাজা’ নাটকের শেষ দৃশ্যে এই সংলাপ কে বলেছে ? এই দৃশ্যটির শিরোনাম কী ?

(ঙ) ‘গানভঙ্গ’ কবিতায় নবীন ও প্রবীণ গায়ক দুজনের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “বেঁচেছি, বেঁচেছি সুরঙ্গমা! হার মেনে তবে বেঁচেছি।”  
সুদর্শনা কিভাবে কার কাছে হার মানলেন তা বুঝিয়ে লেখো।
- (খ) কাঞ্চীরাজ অথবা সুরঙ্গমা চরিত্রটির পরিচয় দাও।
- (গ) ‘রাজা’ নাটকের চতুর্থ দৃশ্যে (প্রাসাদশিখর) সুদর্শনা ও রোহিণীর কথোপকথনটির বিবরণ দাও।
- (ঘ) “সর্ব ধর্মমাঝে ত্যাগধর্ম সার  
ভুবনে।”  
‘শ্রেষ্ঠভিক্ষা’ কবিতা অবলম্বনে পংক্তিটির নিহিতার্থ লেখো।
- (ঙ) ‘ব্রাহ্মণ’ কবিতায় গৌতম মুনির সঙ্গে সত্যকামের যে বার্তালাপ হয়েছিলো তার বিবরণ দাও।
- (চ) “কে এসেছ তুমি ওগো দয়াময়।” ‘দয়াময়’ কে? প্রসঙ্গটি উল্লেখ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) :

১০×২=২০

- (ক) ‘পূজারিণী’ কবিতার মর্মার্থ লেখো।
- (খ) ‘গানভঙ্গ’ কবিতার বিষয়বস্তু আলোচনা করে এর তাৎপর্য নির্ণয় করো।
- (গ) পাঠ্য যে কোনো একটি কবিতা সংক্ষেপে আলোচনা করে রবীন্দ্রনাথের সুগভীর মানবপ্রীতির পরিচয় দাও।
- (ঘ) ‘দেবতার গ্রাস’ কবিতা অবলম্বনে মৈত্রমহাশয় সম্পর্কে আলোচনা করো।

৫। নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'রাজা' নাটকটি বিশ্লেষণ করে রবীন্দ্রনাথের নাট্যপ্রতিভার পরিচয় দাও।
- (খ) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) সুদর্শনা চরিত্রের মাধ্যমে রবীন্দ্রনাথের যে ভাবনা ব্যক্ত হয়েছে, তা বিশ্লেষণ করে দেখাও।
- (ঘ) 'রাজা' নাটকে অপ্রধান চরিত্রগুলোর ভূমিকা স্পষ্ট করো।

( রবীন্দ্রনাথ-২ )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো :

১×১০=১০

- (ক) দক্ষিণাচরণবাবু স্ত্রীকে নিয়ে বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন ?
- (খ) “কিরণ এই ছেলেটিকে বড়ো বেশি আদর দিতেন, তাহাতে সন্দেহ নাই।” ছেলেটির নাম কী ?
- (গ) 'প্রতিহিংসা' গল্পে ইন্দ্রাণী বাবুদের বাড়িতে কী উপলক্ষে গিয়েছিল ?
- (ঘ) মতিলালবাবুর কন্যার নাম কী ?
- (ঙ) নবেন্দুশেখরের সঙ্গে লাবণ্যলেখার সম্পর্ক কী ?

- (চ) কেটি মিটার কে ?
- (ছ) অমিতের নেশাই হল \_\_\_\_\_ ।
- (জ) অমিত রায়ের পেশা কী ?
- (ঝ) “হে মোর বন্যা, তুমি অনন্যা।” কার সম্বন্ধে একথা বলা হয়েছে ?
- (ঞ) অমিতের দুই বোনের মধ্যে একজনের নাম লেখো ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) ‘নিশীথে’ গল্পে ডাক্তারবাবুর কন্যার নাম কী ? দক্ষিণাচরণের সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল কী ?
- (খ) “তফাত যাও, তফাত যাও! সব বুট হ্যায়, সব বুট হ্যায়।” বক্তা কে ? কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ?
- (গ) ‘প্রতিহিংসা’ গল্পের দুটি মুখ্য পুরুষ চরিত্রের নাম লেখো ।
- (ঘ) “বিয়ে করে দুঃখ দিতে চাই নে । বিয়ে সকলের জন্য নয় ।” বক্তা কে ? তিনি কাকে এ কথাটি বলেছেন ?
- (ঙ) অবনীশ দত্ত কে ? তাঁর পেশা কী ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ‘অতিথি’ গল্পের তারাপদ চরিত্রটি বিশ্লেষণ করো ।
- (খ) তারাপদ এবং নীলকান্তের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো ।

- (গ) 'ক্ষুধিত পাষণ' গল্পের অতিপ্রাকৃত পরিবেশের বর্ণনা দাও ।
- (ঘ) লাভণ্যর সঙ্গে অমিতের প্রথম সাক্ষাতের দৃশ্যটি বর্ণনা করো ।
- (ঙ) "অধিকাংশ বর্বর বিয়েটাকেই মনে করে মিলন, সেইজন্যে তারপর থেকে মিলনটাকে এত অবহেলা ।" 'মিলনতত্ত্ব' সম্বন্ধে অমিতের এই মতের তাৎপর্য ব্যাখ্যা করো ।
- (চ) 'শেষের কবিতা' উপন্যাসে শোভনলালের ভূমিকা বিশ্লেষণ করো ।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) 'অতিথি' গল্পের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো ।
- (খ) 'আপদ' গল্পে কিরণময়ীর সংসারে আশ্রয় পাবার পর নীলকান্তের মানসিক অবস্থার বর্ণনা করো । গল্পের শেষে নীলকান্তের পরিণতি কী ঘটেছিল লেখো ।
- (গ) অতিপ্রাকৃত রসের গল্প হিসাবে 'নিশীথে' গল্পটির মূল্যায়ন করো ।
- (ঘ) 'প্রতিহিংসা' গল্পের প্রধান দুই নারী চরিত্রের তুলনামূলক বিশ্লেষণ করো ।
- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো ।

- (চ) “কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালোবাসারই ; কিন্তু সে যেন ঘড়ায়-তোলা জল, প্রতিদিন তুলব, প্রতিদিন ব্যবহার করব । আর লাভগ্যর সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দিঘি..... ।” উক্তিটি অবলম্বনে অমিতের দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও ।
- (ছ) ‘শেষের কবিতা’ উপন্যাসের কেটি মিত্র অথবা যোগমায়া চরিত্রটি আলোচনা করো ।
- (জ) ‘শেষের কবিতা’ উপন্যাস অবলম্বনে রবীন্দ্রনাথের অসামান্য ঔপন্যাসিক প্রতিভার পরিচয় তুলে ধরো ।

★ ★ ★